যায়যায়দিন

তারিখ: 10 SEP 2012
পৃষ্ঠা: ১ কলাম

# বুয়েট প্রো-ভিসি অপসারিত

## এবার ক্লাসে ফিরবেন শিক্ষার্থীরা, আশা শিক্ষামন্ত্রীর

যাযাদি রিপোর্ট

শিক্ষক-শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে মন্ত্রীর আশ্বাস অনুযায়ী বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রো-ভাইস চ্যান্সেলরের পদ থেকে অধ্যাপক হাবিবুর রহমানকে অব্যাহতি দেয়া হয়েছে।



প্রো-ভিসি হাবিবুর রহমান

রোববার শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতির আদেশক্রমে অধ্যাপক হাবিবুর রহমানকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসির পদ থেকে অব্যাহতি দেয়া হলো। তিনি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক পদে প্রত্যাবর্তন করবেন। তবে এই আদেশে অপসারণের কোনো কারণ উল্লেখ করা হয়নি। প্রো-ভিসিকে অপসারণের মধ্য দিয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের দেয়া মন্ত্রীর একটি প্রতিশ্রুতি পূরণ হলো।

অনিয়মের অভিযোগ তুলে ভিসি এস এম নজরুল ইসলাম ও প্রো-ভিসি হাবিবুর রহমানের অপসারণ দাবিতে গত এপ্রিল থেকে আন্দোলন চালিয়ে আসছিলেন বুয়েট শিক্ষকরা। পরে শিক্ষার্থীরাও সেই আন্দোলনে যোগ দেন। ঈদের ছুটির পর গত ২৫ আগস্ট বুয়েট খুললেও আন্দোলনের কারণে ক্লাস-পরীক্ষা বন্ধ থাকে।

অচলাবস্থা নিরসনে গত ৩ সেপ্টেম্বর মধ্যরাতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ তার বাড়িতে বুয়েটের শিক্ষক অপসারিত : পৃষ্ঠা ২ কলাম ৩

## অপসারিত : প্রো-ভিসি

(প্রথম পৃষ্ঠার পর)

নেতাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক শেষে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, প্রো-ভিসিকে প্রত্যাহার করা হবে। আন্দোলনকারী শিক্ষক-ছাত্রদের বিরুদ্ধে বুয়েট কর্তৃপক্ষের দায়ের করা মামলাও তুলে নেয়া হবে। মন্ত্রীর আশ্বাসের পরদিনই মামলা তুলে নেয়ার জন্য থানায় আবেদন করে বুয়েট কর্তৃপক্ষ। শিক্ষকরাও জানান, তারা ক্লাসে ফেরার নীতিগত সিদ্ধান্ত নিয়েছেন।

এরপরও শিক্ষার্থীরা দাবিতে অনড় থাকলে বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে তাদের সঙ্গে বসেন মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি আশ্বাস দেন, আন্দোলনকারীরা যাতে কোনো ধরনের হয়রানির শিকার না হন- তা তিনি দেখবেন। এরপর শুক্রবার বিকালে বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল ভবনে সংবাদ সম্মেলন করে আন্দোলনরত শিক্ষার্থীরা জানায়, মন্ত্রীর আশ্বাসের বাস্তবায়ন হলেই ক্লাসে ফিরে যেতে প্রস্তুত তারা।

ওইদিন সংবাদ সম্মেলনে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শেষ বর্ষের ছাত্র সুদীপ্ত সাহা বলেন, সুনির্দিষ্টভাবে প্রো-ভিসিকে প্রত্যাহার, মামলা সংক্রান্ত সব ধরনের জটিলতার পূর্ণ নিষ্পত্তি, হল প্রশাসনসহ সব প্রয়োজনীয় প্রশাসনিক রদবদল-এসব প্রস্তাব সম্পূর্ণ বাস্তবায়ন হয়ে গেলে ক্লাসে ফিরে যেতে তারা প্রস্তুত। বুয়েটের শিক্ষার্থীরা সম্মিলিতভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন।

নিজেদের দাবি প্রসঙ্গে এই আন্দোলনকারী শিক্ষার্থী প্রতিনিধি বলেন, ভিসির পদত্যাগ/অপসারণের বিষয়ে শিক্ষার্থীদের দাবিটি অত্যন্ত স্পষ্ট। বুয়েটের শিক্ষার্থীরা দ্ব্যর্থহীন কণ্ঠে বলতে চান যে, বর্তমান ভিসি থাকা অবস্থায় বুয়েটের ঐতিহ্য ফিরিয়ে আনা কোনোভাবেই সম্ভব নয় এবং বুয়েটের একাডেমিক কার্যক্রম তথা সার্বিকভাবে বুয়েট কোনোক্রমেই নিরাপদ নয়। তারা বিশ্বাস করেন, চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে শিক্ষামন্ত্রী দ্রুততম সময়ের মধ্যে বর্তমান ভিসির পদত্যাগ/অপসারণের ব্যাপারে ব্যবস্থা নিশ্চিত করে সবার প্রাণের দাবি পূরণ করবেন।

এদিকে প্রো-ভিসির অপসারণ এবং মামলাও অকার্যকর হওয়ায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক-শিক্ষার্থীরা সোমবারই ক্লাসে ফিরবেন বলে আশা করছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

প্রো-ভিসি অধ্যাপক হাবিবুর রহমানকে অপসারণের প্রজ্ঞাপন জারির পর রোববার সচিবালয়ে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, তিনি আশা করবেন শিক্ষক-শিক্ষার্থীরা সোমবার ক্লাসে ফিরে যাবেন। তাদের প্রত্যাশামতো কাজ করেছেন। তারাও প্রত্যাশা মতো কাজ করবেন বলে তার বিশ্বাস। আগামীকাল তাদের ক্লাসে দেখতে চান। আশা করেন, তারা দায়িত্বশীলতার পরিচয় দেবেন। শিক্ষার্থীদের অনেক সময় নষ্ট হয়েছে, ক্ষতি হয়েছে। এই ক্ষতি পোষানোর জন্য যা যা করা দরকার তারা তাই তাই করবেন।

মন্ত্রী জানান, বুয়েটের ঘটনায় দায়ের হওয়া দুটি মামলার চূড়ান্ত প্রতিবেদন রোববার আদালতে জমা দেয়া হয়েছে। তাই মামলাও আর নেই বলেন তিনি।

বুয়েটে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে বাড়তি নজর দেয়া হবে জানিয়ে নাহিদ বলেন, শিক্ষার্থীরা যেন বিধাগ্রস্ত না থাকে সেজন্য বাড়তি নজর দেয়া হবে। শিক্ষার্থীরা দায়িত্বশীলতার সঙ্গে ক্লাসে ফিরে যাবে, বুয়েটে প্রাণচাঞ্চল্য ফিরে আসবে, এটাই তাদের প্রত্যাশা।

ভিসি অধ্যাপক এস এম নজরুল ইসলামকে অপসারণের দাবিও রয়েছে শিক্ষক-শিক্ষার্থীদের। সে বিষয়ে পরে পদক্ষেপ নেয়া হবে বলে মন্ত্রী শিক্ষক-শিক্ষার্থীদের আশ্বস্ত করেন।

আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতিনিধি ও যন্ত্রকৌশল বিভাগের শিক্ষার্থী সুদীপ্ত সাহা প্রো-ভিসিকে অপসারণ করায় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। তিনি বলেন, ক্লাসে ফিরে যাওয়ার জন্য তারা প্রস্তুত।

বুয়েট শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আশরাফুল ইসলামও প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। মঙ্গলবার এ বিষয়ে বুয়েট শিক্ষক সমিতি আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাবে বলে জানিয়েছেন এই শিক্ষক নেতা।

### ছুটিতে শিক্ষক লুৎফুল

অন্যদিকে ভিসির অপসারণের দাবিতে জমা দেয়া পদত্যাগপত্র ফিরিয়ে নিয়ে তিন মাসের ছুটির আবেদন করেছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক অধ্যাপক ড. এস এম লুৎফুল কবির। তবে ভিসির অপসারণের দাবি থেকে সরে আসেননি বলেও জানিয়েছেন এই শিক্ষক।

রোববার তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ইয়াফেস ওসমান এবং শিক্ষার্থীরা তাকে বুয়েট না ছাড়তে অনুরোধ করেছেন। এ জন্য তিনি পদত্যাগপত্র প্রত্যাহার করেছেন। তবে তিনি তিন মাসের ছুটিতে যাচ্ছেন। এর মধ্যে ভিসি অপসারিত না হলে তিনি সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন।

বাংলাদেশে প্রথমবারের মতো চালু হওয়া ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের (ইভিএম) অন্যতম উদ্ভাবক বুয়েটের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক পদ থেকে গত মাসে লুৎফুল কবিরকে সরিয়ে দেয়া হয়। গত মঙ্গলবার ওই পদে নতুন নিয়োগ দেয়ার পর লুৎফুল কবির জানান, ভিসি এস এম নজরুল ইসলামের অপসারণের দাবিতে তিনি চাকরি থেকে অব্যাহতি চেয়ে পদত্যাগপত্র জমা দিয়েছেন।

তিনি বলেন, তিনি নীতির অবস্থান থেকে এ বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে পদত্যাগ করছেন ও পদত্যাগপত্র গ্রহণ করার অনুরোধ করছেন।

ভিসি ও প্রো-ভিসির পদত্যাগের দাবিতে ছাত্র-শিক্ষকদের আন্দোলনের কারণে উদ্ভূত পরিস্থিতিতে গত সপ্তাহে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বুয়েটের শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে মামলা প্রত্যাহার ও প্রো-ভিসি অধ্যাপক হাবিবুর রহমানকে অপসারণের বিষয়ে মন্ত্রীর আশ্বাসে ক্লাসে ফিরতে রাজি হন শিক্ষকরা। পরে শিক্ষার্থীদের সঙ্গেও বৈঠক করে তাদের আশ্বস্ত করেন নাহিদ। তবে শিক্ষার্থীরা জানিয়েছে, আশ্বাস পূরণ হয়েছে দেখলেই তারা ক্লাসে ফিরবেন।

এর আগে ভিসি ও প্রো-ভিসির কক্ষে হামলা, ভাংচুর ও চুরির অভিযোগ এনে গত রোববার রাতে রাজধানীর শাহবাগ থানায় মামলা দুটি দায়ের করে বুয়েট কর্তৃপক্ষ। অধ্যাপক লুৎফুল কবিরকেও ওই মামলার আসামি করা হয়। শিক্ষামন্ত্রীর নির্দেশনার পর মামলাটি প্রত্যাহারের আবেদন করেছে বুয়েট কর্তৃপক্ষ।